

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

২৭ আগস্ট ২০১৮ খ্রিঃ তারিখে রেলভবনস্থ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিম কর্তৃক অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ মাহবুবুর রহমান, পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে।
তারিখ : ২৭ আগস্ট ২০১৮ খ্রিঃ।
সময় : বেলা ১০.৩০ ঘটিকা।
স্থান : বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট- ক দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি বাংলাদেশ রেলওয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো ২০১৮-২০১৯ প্রণয়ন করার লক্ষ্যে কমিটির সবাইকে উন্মুক্ত আলোচনার জন্য আহ্বান জানান।

এ প্রেক্ষিতে উপ পরিচালক (প্রকৌশল) বলেন, বাংলাদেশ রেলওয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো ২০১৮-২০১৯ প্রণয়ন করা প্রয়োজন। তাই ইহা প্রণয়নকরতঃ বাংলাদেশ রেলওয়ে, রেলপথ মন্ত্রণালয় ওয়েবসাইটে আপলোড করার এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার ব্যবস্থা নেওয়া প্রয়োজন। সেই সাথে আঞ্চলিক পর্যায়ে উদ্ভাবনী ধারণার তালিকা প্রেরণের জন্য আঞ্চলিক কমিটিকে পত্র দেওয়া যেতে পারে।

এসপিএলও-১ বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ৮ই এপ্রিল ২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপনের ৫(৩) উপ-অনুচ্ছেদ অনুসারে ইনোভেশন টিম প্রতি মাসে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত সভা করার কথা উল্লেখ রয়েছে। তাই বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমের প্রতি মাসেই একটি করে সভা আয়োজন করা উচিত।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


১। আঞ্চলিক পর্যায়ে উদ্ভাবনী ধারণার তালিকা প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিম।

২। প্রতি মাসে ১টি করে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিম।

অলোচ্যসূচিতে অন্য কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ মাহবুবুর রহমান)
ইনোভেশন অফিসার
ও
পরিচালক(ট্রাফিক)
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.২৬০০.০১০.১৮.০০৫.২০১৮.২০৬

তারিখঃ ২৭ আগষ্ট ২০১৮ খ্রিঃ

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১) এসপিএলও-১, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ২) উপ পরিচালক (টিসি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৩) উপ পরিচালক (প্রকৌশল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৪) উপ পরিচালক (যান্ত্রিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৫) উপ পরিচালক (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (এফ এম-২), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) ও চীফ ইনোভেশন অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।


২৭/০৮/১৮

(মোহাম্মদ মাহবুবুর রহমান)

ইনোভেশন অফিসার

ও

পরিচালক (ট্রাফিক)

বাংলাদেশ রেলওয়ে

রেলভবন, ঢাকা।